# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**M.A./M.SC. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2012**

**SECOND YEAR**

Date : 28/05/2012 **BENGALI [নাটক-সাহিত্য]**

Time : 11 am – 3 pm Paper : XI Full Marks : 80

১. বাংলায় গণনাট্য আন্দোলনের বিস্তার কীভাবে ঘটেছিল সে বিষয়ে আলোচনা করো। [10]

**অথবা,**

পথ নাটক কাকে বলে? বাংলায় রাজনৈতিক আন্দোলনের অভিঘাত পথ নাটককে কীভাবে প্রভাবিত করেছে তা জানাও।

২. ‘এবং চার অধ্যায়ে পৌঁছাবার আগেই আমরা এটা তো বুঝতে পেরেছিলাম যে রবীন্দ্রনাথ লোকটি আমাদের মতো লোকের চেয়ে অন্তত হাজার গুণ বেশি বুদ্ধিমান।’ রবীন্দ্রনাথ সম্পর্কে এই ডপলব্ধিতে শম্ভু মিত্র কীভাবে পৌঁছোলেন তা বুঝিয়ে দাও। [10]

**অথবা,**

‘রাজনৈতিক নাটক, একটি কলহ’ প্রবন্ধে উৎপল দত্ত শিল্পীর স্বাধীনতাকে কিভাবে দেখতে চেয়েছেন? এ বিষয়ে তোমার অভিমত জানাও।

৩. যে কোন **<u>চারটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ [4×9]

ক) মহাকাব্যের দ্রৌপদী নতুন রূপ ধারণ করেছেন ‘পাণ্ডবের অজ্ঞাতবাস’ নাটকে। আলোচনা করো।

খ) ‘সাজাহান’কে কি সার্থক ট্র্যাজেডি বলা যায়? আলোচনা করো।

গ) ‘তাসের দেশে’-র বক্তব্যে সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক প্রসঙ্গ কীভাবে এসেছে তা দেখিয়ে দাও।

ঘ) ‘গোত্রান্তর’ নাটকটির গঠনশৈলী বিশ্লেষণ করো।

ঙ) রাজনৈতিক নাটক কাকে বলে? ‘রাজরক্ত’কে রাজনৈতিক নাটক বলা যেতে পারে কিনা সে বিষয়ে তোমার যক্তিগুলি উপস্থাপিত করো।

চ) ‘হট্টমেলার ওপারে’ নাটকের সংলাপ প্রসঙ্গে আলোচনা করো।

৪. কে কাকে কোন্ প্রসঙ্গে সংলাপটি বলেছেন? [6×4]

ক) রাজারাণি,জামাতারে ধরেছে কি মনে?
দেখ চেয়ে? বিনা পণে কিনি নাই ধন।

**অথবা,**

একি নারী প্রায়
পাছে ধায় দীর্ঘ বেণী নড়ে।

খ) কান টানলে মাথা আসে ---অবশ্য তার পেছনে যদি একটা মাথা থাকে;

**অথবা,**

তাকে তারা হত্যা কর্ত্তে যাচ্ছে। আর আমি এখানে নারীর মত, শিশুর মত নিরূপায়।

গ) এর থেকেই বুঝবে, জিনিসটা সত্যি নয়, এটা বানানো, এটা উপর থেকে চাপানো, এদের দেশের পণ্ডিতদের হাতে গড়া খোলশ।

**অথবা,**

এটা চতুর্থ বর্গের পাঠ্যপুস্তকে চালিয়ে দিও।

ঘ) ঘরের মধ্যে বইসা বইসা দুনিয়াটারে দেখ কিনা, আন্দাজ পাও না।

**অথবা,**

অনেক লোক আসে, অনেক লোক যায়, কিন্তু ভালো কেউ বাসে না।

ঙ) দেখো দেখো - ওদিকে দৈ মিষ্টি দিচ্ছে। আমরা খাবো?

**অথবা,**

তোমরা নাকি পাকা দেওয়ালে খুব ভালো গর্ত করতে পারো। সত্যি?

চ) আমার আদেশ-ঘরটা এলোমেলো করে দাও। সব ছড়িয়ে ছত্রখান কর।

**অথবা,**

আমি জানি, আপনাদের জিভে বিষ লেগে আছে। একটু একটু করে ভিতরে যাচ্ছে--- স্লো পয়জন।